

# যুগান্তর

## প্রবেশপত্রের সঙ্গে চেহারা মিলিয়ে দেখা দায়িত্বের অংশ: ঢাবি শিক্ষক সমিতি

- ঢাবি প্রতিনিধি
- ০৪ সেপ্টেম্বর ২০২৩, ০০:০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) সাম্প্রতিক সময়ে হিজাব বিতর্কে সৃষ্ট ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে ‘ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি।’ একই সঙ্গে মৌখিক পরীক্ষার (ভাইভা) সময় প্রবেশপত্রের ছবির সঙ্গে শিক্ষার্থীর চেহারা মিলিয়ে দেখা একাডেমিক ও পেশাগত দায়িত্বের অংশ বলে মনে করছে শিক্ষক সমিতি। শনিবার সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূঁইয়া ও সাধারণ সম্পাদক অধ্যাপক ড. জিনাত হুদা স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সমিতি বলছে, বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী ভাইভা ও অন্যান্য একাডেমিক কর্মকাণ্ডে শিক্ষার্থীদের মুখমণ্ডল অনাবৃত রাখা বাধ্যতামূলক হলেও বিষয়টি নিয়ে নানাভাবে বিভ্রান্তি ছড়ানো হচ্ছে। যা বিশ্ববিদ্যালয়কে অশান্ত করার অপতৎপরতার একটি অংশ।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: [jugantor.mail@gmail.com](mailto:jugantor.mail@gmail.com)

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023

